

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫০৮

১/ বিবিধ

আরবী

إن الله يحب أن تقبل رخصه، كما يحب العبد مغفرة ربه  
باطل بهذا اللفظ

أخرجه الطبراني في " المعجم الأوسط " ( 1 / 104 / 1 - 2 زوائد المعجمين ) : حدثنا الفضل بن العباس: حدثنا إسماعيل بن عيسى العطار: حدثنا عمرو بن عبد الجبار: حدثنا عبد الله بن يزيد بن آدم عن أبي الدرداء وأبي أمامة ووائلة بن الأسقع وأنس بن مالك مرفوعا به. وقال: " لا يروى عن هؤلاء الأربعة إلا بهذا الإسناد، تفرد به إسماعيل ". قلت: وهو ثقة كما قال الخطيب، وإنما الآفة من شيخه عمرو بن عبد الجبار، قال ابن عدي: " روى عن عمه مناكير ". أو من شيخ شيخه عبد الله بن يزيد بل هو بالحمل عليه فيه أولى، فقد قال أحمد: " أحاديثه موضوعة ". وقال الجوزجاني: " أحاديثه منكورة "

كما في " الميزان " للذهبي، وقال في موضع آخر: " ليس بثقة: تركه الأزدي وغيره، وأتى بعجائب ". وقال ابن أبي حاتم في " الجرح والتعديل " ( 2 / 2 / 197 ) وقد ساق له حديثا غير هذا: " سألت أبي عنه؟ فقال: لا أعرفه، وهذا حديث باطل " قلت: وحديث الترجمة باطل أيضا بهذا اللفظ، فقد ورد من طرق بعضها صحيح بلفظ: " إن الله يحب أن تؤتى رخصه، كما يكره أن تؤتى معصيته " وفي رواية: " ... كما يحب أن تؤتى عزائمه ". ورد ذلك عن جماعة من الصحابة، خرجت أحاديثهم وتتبع طرقها وألفاظها في " إرواء الغليل " ( 557 ) يسر الله طبعه

## বাংলা

৫০৮। অবশ্যই আল্লাহ তা'আলা তার ছাড় দেয়া বস্তু গ্রহণ করাকে পছন্দ করেন বান্দা যেরূপ তার প্রভুর ক্ষমা করাকে পছন্দ করে।

হাদীছটি এ বাক্যে বাতিল।

এটি তাবারানী "আল-মুজামুল আওসাত" (১/১০৪/১-২) যাওয়ায়েদুল মুজামায়েন) গ্রন্থে ফাযল ইবনুল আব্বাস হতে তিনি ইসমাঈল ইবনু ঈসা আল-আত্তার হতে তিনি আমর ইবনু আবদিল জাব্বার হতে তিনি আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ ইবনে আদম হতে ... বর্ণনা করেছেন। অতঃপর তাবারানী বলেছেনঃ উক্ত চার ব্যক্তি হতে এ সনদ ব্যতীত ভিন্ন কোন সনদে বর্ণনা করা হয়নি। হাদীছটি ইসমাঈল এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (ইসমাঈল) নির্ভরযোগ্য যেরূপ আল-খাতীব বলেছেন। সমস্যা হচ্ছে তার শাইখ আমর ইবনু আবদিল জাব্বার থেকে। ইবনু আদী তার সম্পর্কে বলেনঃ তিনি তার চাচা হতে মুনকার হাদীছ বর্ণনা করেছেন। অথবা হাদীছটির সমস্যা হচ্ছে তার (ইসমাঈলের) শাইখের শাইখ আব্দুল্লাহ ইবনু ইয়াযীদ হতে। বরং সমস্যার দায়ভারটি এর উপরে দেয়াই শ্রেয় হবে। কারণ ইমাম আহমাদ তার সম্পর্কে বলেনঃ তার হাদীছগুলো বানোয়াট। জুযজানী বলেনঃ তার হাদীছগুলো মুনকার। যেরূপ ইমাম যাহাবীর "আল-মীযান" গ্রন্থে এসেছে।

তিনি অন্যত্র বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তাকে আল-আযদী ও অন্য বিদ্বানগণ পরিত্যাগ করেছেন। তিনি আজব আজব বিষয় বর্ণনা করেছেন। ইবনু আবী হাতিম "আল-জারহ ওয়াত তা'দীল" (২/২/১৯৭) গ্রন্থে তার অন্য একটি হাদীছ উল্লেখ করে বলেছেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম? তিনি বলেনঃ আমি তাকে চিনি না। তার এ হাদীছটি বাতিল।

আমি (আলবানী) বলছিঃ আলোচ্য হাদীছটিও উল্লেখিত বাক্যে বাতিল। তবে নিম্নের বাক্যে বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে যার কোন কোনটি সহীহঃ

إن الله يحب أن تؤتى رخصه، كما يكره أن تؤتى معصيته وفي رواية ... كما يحب أن تؤتى عزائمه

অর্থঃ 'আল্লাহ তার ছাড় দেয়া বস্তু গ্রহণ করাকে ভালবাসেন, যেরূপভাবে তার অবাধ্য হওয়াকে অপছন্দ করেন। অন্য এক বর্ণনায় এসেছেঃ যেরূপ তিনি তার দৃঢ় নির্দেশগুলো গ্রহণ করাকে পছন্দ করেন।' এটি একদল সাহাবী হতে বর্ণিত হয়েছে। তাদের হাদীছগুলোকে আমি "আল-ইরওয়া" (৫৫৭) গ্রন্থে তাখরীজ করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71387>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন